গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয় নাম: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সংস্থার নাম: বাংলাদেশ পর্যটন করপোরেশন

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | সেবা সহজিকরণ:<br><br>সেবাটির শিরোনাম: দেশের আন্তর্জাতিক এয়ারপোর্টসমূহে বাংলাদেশ পর্যটন করপোরেশন পরিচালিত শুল্কমুক্ত | বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক দেশের তিনটি (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট) আন্তর্জাতিক বিমানবন্দরে বিমানবন্দর ব্যবহারকারী দেশী বিদেশী অতিথিদের সেবা প্রদান এর লক্ষ্যে শুল্কমুক্ত বিপণী পরিচালনা করে আসছে। উক্ত বিপণী সমূহে দেশীয় ঐতিহ্যবাহী পণ্যসহ আন্তর্জাতিক মানসম্পন্ন ব্রান্ডেড পণ্য ও পানীয় বিক্রয় করা হয়। উক্ত | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে-<br>▪ মানসম্পন্ন সেবা প্রদানে সংস্থার ভাবমূর্তির উন্নয়ন হচ্ছে; | প্রযোজ্য নয় | - |



সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন কর্পো

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বিপণী কেন্দ্রের পণ্য বিক্রয়ের বিল বারকোড প্রযুক্তির মাধ্যমে প্রদান কার্যক্রম।<br>সেবাটি ২৫ অক্টোবর ২০১৯ তারিখ বাস্তবায়ন করা হয়েছে। | শুল্কমুক্ত বিপণীসমূহ হতে অতিথিদের বছরে ৩৬৫ দিন ২৪ ঘন্টা সেবা প্রদান করা হচ্ছে।<br><br>**ইতোপূর্বের ব্যবস্থাপনায়:**<br>• শূল্কমুক্ত বিপণীতে অতিথির/যাত্রীর আগমণ, একজন সেলস পারসনের সহিত অতিথির চাহিদা মোতাবেক পণ্য প্রদর্শন ও সরবরাহ করণ;<br>• পণ্য বিলিং কাউন্টারে আনয়ন;<br>• অতিথির/যাত্রীর পাসপোর্ট ও বোডিং পাস গ্রহণ;<br>• পাসপোর্ট, নাগরিকত্ব, কোন দেশ হতে আগত ও ফ্লাইট নম্বর ইত্যাদি তথ্য বিলে লিপিবদ্ধ করণ;<br>• পণ্যের নাম, পরিমাণ ও মূল্য লিপিবদ্ধ করণ;<br>• অতিথির নিকট হতে পণ্যেল মূল্য গ্রহণ ও পণ্য বুঝিয়ে দেয়ার কার্যসম্পাদন;<br>• প্রতিটি বিলে সরাসরি বিক্রকারী সহ চারজন কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ:<br>• প্রতিটি বিলের অনুলিপি দাপ্তরীক প্রয়োজনে দীর্ঘদিন সংরক্ষণ করণ;<br>• প্রতি শিফট শেষে পণ্যের তালিকা, বিক্রিত পণ্যের মূল্যমান যোগ করে আলাদাভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করণ ও শিফট প্রতি বিক্রয়ের ফলাফল তৈরি করণ। ইত্যাদি কর্মসম্পাদন করতে অতিথির সেবা প্রদানে অতিরিক্ত সময়, সংস্থার অতিরিক্ত জনবলের সম্পৃক্ততা ও প্রতি বছরই সংস্থার বাজেট বরাদ্দ স্বাপেক্ষ অর্থ ব্যয়ের বিষয়টি সংশ্লিষ্ট ছিল। | | ▪ সংস্থার বিক্রয় বৃদ্ধি পাচ্ছে ফলে দেশ অধিক পরিমান বৈদেশীক মুদ্রা অর্জন করতে পারছে;<br>▪ সংস্থার সংশ্লিষ্ট দাপ্তরীক কাজ গুলো নির্ভুল ও অধিকতর স্বচ্ছতার সাথে সম্পন্ন করণ সম্ভব হচ্ছে। | | |



২১/০৯/২৫
Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

২১/৯/২০২৫
সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | **আইডিয়াটি বাস্তবায়নের ফলে-**<br>✓ বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদির অধিকাংশই বারকোড স্ক্যানার মাধ্যমে মূহর্তেই কম্পিউটার সফটওয়ারে লিপিবদ্ধ করা সম্ভব হচ্ছে বিধায় একজন অতিথির বিল সম্পন্ন করে অতিথিকে/যাত্রীকে মালামাল গুছিয়ে বুঝিয়ে দিতে পূর্বে যেখানে ন্যুনতম ১০ থেকে ১৫ মিনিট প্রয়োজন হতো সেখানে সর্ব্বোচ্চ ০১ হতে ১.৩০ মিনিট সময়ের মধ্যেই অতিথির প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধকরণসহ বিলকরণ ইত্যাদি যাবতীয় কার্যাদি নিশ্চিতকরণ সম্ভব হচ্ছে।<br>✓ দেশের আন্তর্জাতিক বিমানবন্দরগুলোতে স্বল্প সময়ে অধিক যাত্রীকে সেবা প্রদান করা যাচ্ছে সে সাথে সংস্থার ভাবমূর্তির উন্নয়নসহ বিক্রয়ও ক্রমশ: বৃদ্ধি পাচ্ছে।<br>✓ সংস্থার মাধ্যমে দেশ বৈদেশিক মূদ্রা অর্জন করতে পারছে।<br>✓ আইডিয়াটি বাস্তবায়নের ফলে সংস্থার তুলনামূলক অনেক স্বল্প জনবলের সম্পৃক্ততায় সমুদয় কার্য সুষ্ঠুভাবে সম্পাদন কর সম্ভব হচ্ছে।<br>✓ মালামালের ষ্টক, অর্জিত বৈদেশিক মুদ্রার হিসাব-নিকাশসহ দাপ্তরীক অনেক জটিল কাজ খুব সহজেই সম্পন্ন করণ সম্ভব হচ্ছে। | | | | |

Md. Sajedur Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | উদ্ভাবনী আইডিয়া:<br><br>আইডিয়াটির শিরোনাম: বাংলাদেশ পর্যটন করপোরেশন-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইড ব্যবহার করে বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম গ্রহণ।<br><br>আইডিয়াটি ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখ বাস্তবায়ন করা হয়েছে। | ফেইসবুক (Face Book) বিশ্ব-সামাজিক আন্তঃযোগাযোগ ব্যবস্থার একটি ওয়েবসাইট যা ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি তারিখ প্রতিষ্ঠিত হয়। এটিতে বিনামূল্যে সদস্য হওয়া যায়। পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য হতে জানা যায় সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারীদের ৭০ শতাংশ মানুষ সামাজিক যোগাযোগ মাধ্যমে সংযুক্ত রয়েছে। তরুণদের মধ্যে এ হার আরও বেশি, প্রায় ৯০ শতাংশ। বাংলাদেশে যারা ইন্টারনেট ব্যবহার করে তাদের মধ্যে ৮০ শতাংশ মানুষের রয়েছে ফেসবুক অ্যাকাউন্ট। সুতরাং একজন ব্যক্তি তার নিজস্ব একাউন্টের মাধ্যমে তার সকল বন্ধুর কাছে ব্যক্তিগত বা ব্যবসায়িক যে কোন তথ্য পৌঁছাতে পারে।<br>ফেইসবুক (Face Book) একাউন্ট ব্যবহার করে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর হোটেল/মোটেল এর কার্যক্রম ব্যাপকভাবে ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে আইডিয়াটি গ্রহণ করা ও বাস্তবায়ন করা হয়। এ ধারনাকে কাজে লাগিয়ে বাংলাদেশ পর্যটন করপোরেশন এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে তাদের স্ব স্ব একাউন্টের সকল বন্ধুদেরকে বাপক পরিচালিত বাণিজ্যিক ইউনিটসমূহের সুযোগ-সুবিধা, বিশেষ ছাড় ইত্যাদিসহ অন্যান্য নানা তথ্যাদির প্রচারণা কার্যক্রম গ্রহণ করবেন। বাপকের সকল বানিজ্যিক ইউনিট এর সুযোগ-সুবিধার উপর ভিডিও/ বিশেষ ছাড়/অন্যান্য বিষয়ের সকল তথ্য বাপক এর কর্মকর্তা/কর্মচারীগণ তাদের নিজস্ব ফেইসবুক আইডিতে আপলোড করবেন যা তার একাউন্টের সকল বন্ধু দেখতে | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে-<br><br># দেশে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর পর্যটন উন্নয়ন বিষয়ে কর্মকান্ড সম্পর্কে সহজেই অবগত হওয়া যাচ্ছে।<br><br># বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বাণিজ্যিক ইউনিট এর বিস্তারিত তথ্য-উপাত্ত সম্পর্কে অবগত হওয়া যাচ্ছে। অনেকেই তাদের নিজস্ব এলাকার পর্যটন উপাদান বিষয়েও অবগত হচ্ছেন এবং করছেন।<br><br># বিভিন্ন জেলায় অবস্থিত নতুন নতুন পর্যটন উপাদান বিষয়ে পোষ্ট শেয়ারিং মাধ্যমে দেশে বিদেশের অনেকেই অবগত হচ্ছেন। এ বিষয়ে বিস্তারিত জানার ও উক্ত স্থান ভ্রমণের আগ্রহ প্রকাশ করছেন। নিজ এলাকায় | - | - |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



২৬/৯/২০২৩

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পারবেন । এর মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে বাপক সকল বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে।<br><br>আইডিয়াটি বাস্তবায়নের ফলে:<br>• সামাজিক যোগাযোগ ফেইস বুক মাধ্যমটি ব্যবহারপূর্বক এর থেকে সর্বাধিক সুবিধা আদায়ের লক্ষ্যে বাপক এর সকল কর্মকর্তা ও কর্মচারীরা প্রথমত ফেইসবুক আইডি খোলার নির্দেশনা প্রদান করা হয়।<br>• তাদের এ ফেইসবুক আইডি ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীরা বাপক এর বাণিজ্যিক ইউনিটের সুযোগ সুবিধাসহ অন্যান্য তথ্যাদি নিয়মিত আপলোড করছেন।<br>• বন্ধু ও ফলোয়ারদের মধ্যে তা শেয়ার করার অনুরোধ সহ পোষ্ট করছেন।<br>• কোন বিখ্যাত ব্যক্তির ভ্রমণের ছবিসহ তাদের উক্তি, বানিজ্যিক ইউনিটে আয়োজিত উল্লেযোগ্য অনুষ্ঠান (দেশী-বিদেশী) এর কালারফুল ছবিসহ তথ্য, আবিষ্কৃত নতুন পর্যটন উপাদান ও অন্যান্য আঞ্চলিক ইভেন্ট (মেলা, খেলাধুলা, উল্লেখযোগ্য মৌসুম ও তার আকর্ষণ) ইত্যাদি বিষয়ক খবরা খবরসহ আঞ্চলিক জনপ্রিয় খাদ্য সামগ্রী, সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত বিদ্যমান ও নতুন আইটেম এর ছবিসহ বিস্তারিত তথ্য, ইউনিটে একদম নতুন খাদ্য আইটেম | | অবস্থিত অবহেলিত পর্যটন উপাদান সংরক্ষণ ও প্রচারনায় সহায়তা করছেন। নিজ জেলা ভ্রমণের আমন্ত্রণ জানাচ্ছেন। সর্বোপরি দেশের পর্যটন শিল্পের প্রাচর-প্রসার ও উন্নয়নে যথেস্ট ভূমিকা রাখছে।<br><br># সংস্থার নিজস্ব একটি অফিসিয়াল ফেইসবুক আইডি খোলা হয়েছে। ইউনিট ম্যানেজারদের একটি গ্রুপ আইডি খোলা হয়েছে। | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | এর ছবিসহ তথ্যাদি ইত্যাদি নিয়মিত আপলোডসহ তথ্যাদি শেয়ার করছেন। বাপক'র বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে। | | | | |
| ০৩. | ডিজিটাল আইডিয়া:<br><br>আইডিয়াটির শিরোনাম:<br>**রাজশাহী বিভাগের সকল জেলার দর্শনীয় স্থানসমূহ ডিজিটাল ডিসপ্লে ডেস্ক তৈরি করে মোটেল এর লবিতে স্থাপন।**<br><br>**আইডিয়াটি ১২** মার্চ ২০২০ তারিখ বাস্তবায়ন করা হয়। সে সাথে বাপক'র অন্যান্য ইউনিটসমূহেও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বাংলাদেশ পর্যটন করপোরেশন পরিচালিত বিভাগ, জেলা ও উপজেলায় অবস্থিত হোটেল-মোটেলগুলোতে স্থানীয় দর্শনীয় স্থান সমূহের ডিজিটাল ডিসেপ্লে ডেক্স তৈরী করে হোটেল-মোটেল লবি ও অন্যান্য উপযুক্ত স্থানে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ। এর ফলে বাপক'র ইউনিটগুলোতে আগত সম্মাণীত অতিথি ছাড়াও আগত দর্শনার্থি, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী সহ অন্যান্যরা স্থানীয়সহ বিভাগীয় পর্যায়ের পর্যটন উপাদানের ছবি সহ তথ্যসম্বৃদ্ধ এ ডিজিটাল ডিসপ্লে থেকে উপকৃত হবেন ও সেসংগে প্রত্নতাত্ত্বিক নির্দেশনা সম্বৃদ্ধ রাজশাহীর বিভাগ ভ্রমণ/পরিদর্শনের আগ্রহ সৃষ্টি হবে বলে আশা করা যায়। | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।<br><br>আইডিয়াটি প্রাথমিক পর্যায়ে বাপক'র মোটেল রাজশাহীতে বাস্তবায়ন করা হয়েছে। মোটেল লবিতে একটি ডিজিটাল ডিসপ্লে ডেক্স স্থাপন করে রাজশাহী জেলাসহ রাজশাহী বিভাগের আকর্ষণীয়সহ অন্যান্য পর্যটন উপাদানগুলোর প্রয়োজনীয় সংক্ষিপ্ত তথ্য, স্থির চিত্র-ভিডিও ইত্যাদি ডিজিটালি প্রদর্শন করা হচ্ছে। সে সাথে দেশের অন্যান্য বিভাগসমূহের প্রকৃতঅর্থে বাংলাদেশের সকল আকর্ষণীয়, জনপ্রিয় ও অন্যান্য পর্যটন উপাদানগুলোও প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে মোটেল-এ | - | - |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



২৩/৯/২০২৩

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | আগত অতিথিসহ অন্যান্যরাও এ থেকে উপকৃত হচ্ছেন। পর্যটন উপাদানগুলো ভ্রমণে আগ্রহ প্রকাশ করছেন/ভ্রমণ করছেন। | | |
| ০৪. | সেবা সহজিকরণ:<br><br>সেবার শিরোনাম: বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বিভিন্ন হোটেল/মোটেল এর রিসিপশন এবং অন্যান্য দৃশ্যমান স্থানে এনএইচটিটিআই-এ ভর্তি সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করণ।<br><br>আইডিয়াটি ১৪ অক্টোবর ২০২০ বাস্তবায়ন করা হয়। | পর্যটন একটি শ্রমঘন শিল্প। এই শিল্পের বিভিন্ন অঙ্গানে দেশে-বিদেশে বিপুল সংখ্যক লোকের কর্মসংস্থানের সুযোগ রয়েছে। সে উপলব্ধিতে বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) বাণিজ্যিক ভিত্তিক কর্মকান্ডের পাশাপাশি পর্যটন শিল্পে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ১৯৭৪ সালে জাতীয় হোটেল ও পর্যটন প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে এ প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণের নিমিত্ত বিপুল সারা পাওয়া যায়। পরবর্তীতে ১৯৯০ সালে এ প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে UNDP/ILO-এর কারিগরী সহায়তা পাওয়া যায় এবং ছাত্র/ছাত্রী প্রশিক্ষণের ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়। এ পর্যন্ত পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যারা দেশে বিদেশে পর্যটন বিভিন্ন সেক্টরে সুনামের সাথে কর্মরত রয়েছেন। প্রতিবছর এই প্রশিক্ষণ ইনষ্টিটিউট হতে প্রায় ২,০০০ (দুই হাজার) প্রশিক্ষণার্থী বিভিন্ন কারিক্যুলামে প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন।<br><br>ইতোপূর্বে এ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণের জন্য একজন প্রার্থিকে;<br>• বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) পরিচালিত হোটেল ম্যানেজম্যান্ট বিষয়ক প্রশিক্ষণ হিসেবে শুধুমাত্র ঢাকাস্থ মহাখালিতে অবস্থিত বাপক একমাত্র প্রতিষ্ঠান এনএইচটিটিআই হতে দেয়া হয়। | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে-<br><br>আইডিয়াটি বাস্তবায়নের ফলে:<br>• বাংলাদেশের বিভাগ, জেলা, উপজেলাসহ প্রত্যন্ত এলাকায় অবস্থিত সংস্থার স্থাপনাসমূহ হতেই এনএইচটিটিআই বিষয়ক সকল প্রকার তথ্য-উপাত্ত সংগ্রহ করা, প্রশিক্ষণ বিষয়ে সে সাথে প্রশিক্ষণ পরবর্তী উপযুক্ততা বিষয়ক ধারনা গ্রহণ করাসহ বাপক এর জনবলের সহিত সরাসরি কাউন্সিলের সুযোগ পাচ্ছেন। মোট কথা এর ফলে প্রশিক্ষণ বিষয়ে | - | - |



Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরে

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | • প্রাথমিকভাবে একজন প্রার্থিকে টেলিফোনে, পত্র-পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন বা বিজ্ঞপ্তি, বর্তমান সময়ে ডিজিটাল যুগে ইন্টারন্যাট এর সহায়তা গ্রহণ করে তথ্য সংগ্রহ করতে হয়।<br>• প্রায়শ:ই দেখা যায় প্রার্থিরা অভিভাবকসহ কষ্ট, সময় ও অর্থ ব্যয় করে শুধুমাত্র প্রশিক্ষণ বিষয়ে সম্মখ ধারনা লাভের জন্য ঢাকাস্থ মহাখালীতে অবস্থিত প্রতিষ্ঠানটিতে সরাসরি আসতে হতো। তাছাড়া এ জাতীয় প্রশিক্ষণ কার্যক্রমটি একটু ভিন্ন ধর্মী। সাধারণ কোন প্রশিক্ষণের মতো নয়। ফলে প্রাথমিকভাবে যথাযথ তথ্য প্রাপ্তির অভাবে অনেকের ইচ্ছা থাকলেও এ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন না।<br>• ফলে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর এ প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি বছরব্যাপী তার সক্ষমতা অনুযায়ী প্রশিক্ষণার্থি পাচ্ছে না। সংস্থা ও সেসাথে দেশ ক্ষতিগ্রস্থ হচ্ছে।<br>• দেশব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রমের তথ্য সহজেই পৌঁছে দেয়া সম্ভব হলে প্রচুর শিক্ষার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। এ শিল্পে প্রশিক্ষিত জনবল তৈরী হবে। দেশে-বিদেশে এ শিল্পে যথেষ্ট কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।<br><br>আইডিয়াটি বাস্তবায়নের ফলে:<br>• দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর স্থাপনাগুলোতে এনএইচটিটিআই-এ প্রদত্ত প্রশিক্ষণ বিষয়ক প্রকাশনা সমূহের প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। ফ্রন্ট অফিসসহ প্রদর্শনমূলক স্থানে প্রদর্শন করা হয়েছে। | | আগ্রহ বৃদ্ধিকরণ সহ কি? কেন? কিভাবে? ফলাফল কি? ইত্যাদি মৌলিক প্রশ্নসমুহের উত্তর খুব সহজেই পেয়ে যাচ্ছেন।<br><br>• এনএইচটিটিআই-এর প্রচারনা বৃদ্ধি পাচ্ছে।<br>• আগ্রহীসহ বেকার যুবরা ও সে সাথে তাদের অভিভাবকরা একটি কার্যকরী প্রশিক্ষণ অর্জনের সার্বিক তথ্যাদি তাদের নিকটবর্তী স্থান হতেই খুব সহজেই সংগ্রহ করতে পারছেন ফলে প্রশিক্ষণ প্রত্যাশিদের আগ্রহী করে তুলছে।<br>• ফলশ্রুতিতে ধীরে ধীরে এনএইচটিটিআই-এর প্রশিক্ষণার্থির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সংস্থার সাথে সাথে দেশও উপকৃত হচ্ছে। | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



২৮/৯/২০২৩

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

<table>
<tr><td></td><td></td><td><ul><li>এক্স ব্যানার এর মাধ্যমে এনএইচটিটিআই-এ প্রশিক্ষণ সংক্রান্ত প্রচারনা বাপক স্থাপনাগুলোকে প্রদর্শন করা হয়েছে ।</li><li>প্রাথমিকভাবে বাপক এর সকল ইউনিট ব্যবস্থাপককে এনএইচটিটিআই-এর তথ্য ও সার্বিক কার্যক্রম বিষয়ে ইনোভেশন কমিটি কর্তৃক বিষেশভাবে অবহিত করা হয়েছে। মূলত: ইউনিট ব্যবস্থাপকদের এ বিষয়ে ট্রেইনার হিসেবে তৈরী করা হয়েছে। ইউনিট ব্যবস্থাপক তার ইউনিটের দুজন উপযুক্ত জনবলকে এ বিষয়ক তথ্য প্রদানসহ কাউন্সিলিং করার জন্য তৈরী করেছেন।</li></ul>ভবিষ্যৎ পরিকল্পনা;<ul><li>বাপক এর সকল ইউনিটে ( উল্লেখযোগ্য বিবেচনায়) এক্স ব্যানারের মাধ্যমে প্রচারনা বৃদ্ধি করণ;</li><li>৬৪ টি জেলায় জেলা প্রশাসকের দপ্তরের নোটিশ বোর্ডে উপযোগী একটি প্রচারনা পত্রের প্রচারনা করণ।</li></ul></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০৫.</td><td>ডিজিটাল আইডিয়া:<br><br>আইডিয়ার শিরোনাম:<br>বাংলাদেশ পর্যটন করপোরেশন পরিচালিত ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইন্সটিটিউট<br><br>(এনএইচটিটিআই)</td><td>পর্যটন শিল্পে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত জাতীয় হোটেল ও পর্যটন প্রশিক্ষণ ইনস্টিটিউটটি ১৯৯০ সালে UNDP/ILO-এর কারিগরী সহায়তায় আরও সমৃদ্ধ ও কার্যকরী প্রতিষ্ঠানের রূপ পায়। প্রতিষ্ঠার পর প্রায় ৪৬ বছর পার হয়ে গেলেও সময়ের পরিবর্তনে প্রশিক্ষণ কার্যক্রম যুগোপযোগী ও আধুনিকায়ন করা হলেও বর্তমান উন্নত ও উন্নয়নের ধারায় ধাবমান বাংলাদেশের তুলনায় সে গতিতে এর সক্ষমতা বৃদ্ধি পায়নি। বাংলাদেশ এরই মধ্যে বর্তমান সরকারের সুদৃঢ় নেতৃত্বে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, অবকাঠামো, তথ্য প্রযুক্তি, মাথাপিছু আয়, মানবসম্পদ সূচক, অর্থনৈতিক ভঙ্গুরতা সূচক ইত্যাদি ক্ষেত্রে দৃষ্টান্তমূলক সাফল্যের উদাহরণ স্থাপন করেছে। সরকার দেশে তথ্য প্রযুক্তিসহ ডিজিটাল</td><td>হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে।</td><td>সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।<ul><li>বাংলাদেশের বিভাগ, জেলা, উপজেলাসহ প্রত্যন্ত এলাকা পর্যন্ত এ প্রশিক্ষণের কার্যক্রম সহজেই বিস্তার করা সম্ভব হচ্ছে।</li></ul></td><td>-</td><td>-</td></tr>
</table>



Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস
বাংলাদেশ পর্যটন করপোরে

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | কর্তৃক প্রদত্ত বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রমের পাশাপাশি দেশে বিদেশে অনলাইনে-এ প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ। আইডিয়াটি ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখ বাস্তবায়ন করা হয়। | যোগাযোগের ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন সাধন করেছে। মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণের কোন বিকল্প নাই। প্রশিক্ষিত জনবল দেশে এমনকি বিদেশেও দেশের জন্য একটি মূল্যবান সম্পদ। একটি পরিসংখ্যানে দেখা যায়, পারিবারিক, অর্থনৈতিক, সামাজিক ইত্যাদি বিভিন্ন কারণে উচ্চ মাধ্যমিক পর্যায়ে এসে ঝরে পরা শিক্ষার্থির হার প্রায় ২০ শতাংশ। বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় যার বেশীর ভাগই দেশের বুঝায় পরিণত হচ্ছে।<br><br>হোটেল ম্যানেজম্যান্ট বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম প্রদানে ঢাকাস্থ মহাখালিতে অবস্থিত বাপক একমাত্র প্রতিষ্ঠান ন্যাশনাল ।<br>• শুধুমাত্র কর্মসংস্থান নয় এনএইচটিটিআই-এ প্রদত্ত প্রশিক্ষণ একজন মানুষের প্রাত্যহিক সুন্দর ও সুস্থ জীবন যাপনের জন্য উপযোগী।<br>• বর্তমান পেক্ষাপট বিবেচনায় কয়েকটি বিষয়ে ইনস্টিটিউটের প্রশিক্ষণ প্রদানের সক্ষমতার চেয়ে চাহিদা অনেকগুন বেশী।<br>• অনলাইনে প্রশিক্ষণ প্রদান বর্তমান ডিজিটাল যুগোপযোগী। অনলাইনে প্রশিক্ষণ খুব সহজেই স্বাচ্ছন্দে স্বল্প ব্যয়, সময়ে ও শক্তি খরচ করে একইসংগে অধিক শিক্ষার্থির নিকট পৌছে দেয়া সম্ভব। একই সংগে প্রশিক্ষণ গ্রহণ সম্ভব।<br>• বাংলাদেশসহ বিশ্বব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করা যাবে। বিশেষকরে বিদেশে অবস্থানরত বাংলাদেশী প্রবাসী এ খাতের অদক্ষ শ্রমিকরা প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। ফলে সহজেই এ প্রশিক্ষণ গ্রহণ করত: দক্ষ একজন কর্মীতে পরিণত হওয়ায় তাদের গুরুত্ব, অর্থনৈতিকভাবে লাভবান হওয়াসহ বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নের বিষয়টিও জড়িত।<br>• দেশের সকল পর্যায়ের, বয়সের ও লিংগের প্রশিক্ষণার্থির খুব সহজেই এ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। | | • বিদেশে অবস্থিত বাংলাদেশীদের নিকট এ প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ করা সম্ভব হচ্ছে।<br>• প্রাত্যহিক সুস্থ সুন্দর জীবন যাপনে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমে দেশী-বিদেশী সকল পর্যায়ের মানুষের নিকট সহজেই অংশ গ্রহণ করতে পারছেন।<br>• ফলশ্রুতিতএনএইচটিটিআই তথা বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সুনাম বৃদ্ধির সাথে আর্থিকভাবেও বাপক উন্নতি লাভ করছে।<br>• সর্বোপরী দেশের মানুষ মৌলিক ভিত্তির অত্যাবশ্যকীয় কিছু বিষয়ে খুব সহজেই অবগত হতে পারছেন। ফলে বেকার যুবাদের | | |



Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

২৬/০৯/২০২৪

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ❖ ভবিষ্যৎ পরিকল্পনা:<br><br>অত্যাবশ্যকীয় অবকাঠামোগত উন্নয়ন সাধন করে স্কুল পর্যায়ের শিক্ষার্থিদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। ৫ম শ্রেণী হতে ৮ম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের জন্য একটি পর্যায় ও ৯বম হতে দশম শ্রেণী পর্যন্ত একটি পর্যায়<br>(আকর্ষণীয় বিষয় ভিত্তিক ধাপে ধাপে বছরব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকবে )<br><br>সুস্থ ও সুন্দর জীবন যাপনের জন্য পরিচ্ছন্ন ও খাদ্য গুণসম্পন্ন খাদ্যে গুরুত্ব অপরিসীম। সুস্থ, সবল, পরিশ্রমী, কর্মক্ষম ও মেধা সম্পন্ন ভবিষ্যৎ জাতি গঠনেও খাদ্যের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সে লক্ষ্যে অঞ্চলভিত্তিক আমাদের প্রতিদিনের অভ্যাসগত খাদ্য সমূহের খাদ্যে প্রস্তুত প্রণালি, খাদ্য গ্রহণ, সংরক্ষণ ও পরিবেশন বিষয়ে প্রাধান্য দিয়ে দেশব্যাপী আগ্রহী গৃহিনী ও অন্যান্যদের জন্য বিষেশ প্রশিক্ষণ কোর্স চালু করণ। (এ বিষয়ে সরকারের প্রশাসনিক ও আর্থিক সহযোগিতার বিশেষ প্রয়োজন)। সেসংগে এবিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা করণ। | | কর্মমুখী করে তোলাসহ তাদের কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬. | সেবা সহজিকরণ<br><br>সেবার শিরোনাম: এনএইচটিটিআই-এর প্রশিক্ষণার্থীদের সনদের সত্যতা যাচাই।<br><br>আইডিয়াটি ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাস্তবায়ন করা হয়। | পর্যটন ও হোটেল ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে ১৯৭৪ সালে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর নিয়ন্ত্রণাধীন এ ইনস্টিটিটিউট প্রতিষ্ঠা করা হয়। প্রতি বছর কয়েক হাজার প্রশিক্ষিত জনবল বের হয় এখান থেকে। এনএইচটিটিআই বর্তমানে ৯টি প্রধান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করছে। হোটেল ম্যানেজমেন্ট, ট্যুরিজম ম্যানেজমেন্ট, প্রফেশনাল শেফ কোর্স, ট্রাভেল এজেন্সি অ্যান্ড ট্যুর অপারেটর কোর্স, এ চারটি এখানকার প্রধান কোর্স। এছাড়া ফ্রন্ট অফিস সেক্রেটারিয়াল অপারেশন্স কোর্স, হাউজ কিপিং অ্যান্ড লন্ড্রি কোর্স, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, ফুড অ্যান্ড বেভারেজ প্রোডাকশন, বেকারি অ্যান্ড পেস্ট্রি প্রোডাকশন। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসের পর এখানে ভর্তি হতে হয়। হোটেল ম্যানেজমেন্ট কোর্স দুই বছরের, ট্যুরিজম ম্যানেজমেন্ট ও প্রফেশনাল শেফ কোর্স এক বছরের এবং অন্যগুলো ১৮ মাস সময়ের কোর্স। উল্লিখিত নিয়মিত প্রশিক্ষণ কোর্সগুলো ছাড়াও এখানে চাহিদা মতো বিভিন্ন মেয়াদে সংক্ষিপ্ত কোর্স পরিচালনা করা হচ্ছে। এ কোর্সগুলো সম্পন্নের পর সফলভাবে সমাপ্তকারী প্রশিক্ষণার্থীগণকে সার্টিফিকেট প্রদান করা হয়ে থাকে। এ সার্টিফিকেটের মাধ্যমে তারা দেশে-বিদেশে বিভিন্ন হোটেল রেস্তোরাঁয় কর্মসংস্থান করে থাকে।<br><br>অনেক ক্ষেত্রেই প্রশিক্ষণার্থীদের চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে বা বিদেশী ভিসা প্রপ্তির ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান বা দূতাবাস থেকে প্রদত্ত সনদসমূহ যাচাইয়ের প্রয়োজনীয়তা দেখা দেয়। সেক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ বা দূতাবাসসমূহ পত্র প্রেরণের মাধ্যমে বা ই-মেইল মারফত সার্টিফিকেটের ফটোকপি বা স্ক্যানড কপি প্রেরণ করে যাচাইয়ের জন্য অনুরোধ জানায়। সে অনুরোধের প্রেক্ষিতে পুরোনো নথিপত্র ঘেটে ও প্রচুর সময় ব্যয় করে উক্ত সনদের সত্যতা যাচাইপূর্বক পত্র মারফত বা ইমেইল মারফত উত্তর প্রেরণ করা হয়। | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে-<br><br>আইডিয়াটি বাস্তবায়নের ফলে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এর এ সংক্রান্ত আবেদনের কাজ খুব সহজেই উল্লেখযোগ্য স্বল্পতম সময়ে সেবাটি প্রদান করা সম্ভব হচ্ছে। এ কাজটি করতে পূর্বে যেখানে প্রায় ৭৮ টি ধাপ অতিক্রম করতে হতো সেখানে বর্তমানে মাত্র ৭টি ধাপ অতিক্রম করে সেবাটি প্রদান করা হচ্ছে। এতে দেশে ও বিদেশে বাপক'র সুনাম বৃদ্ধি পাচ্ছে। | - | - |



Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | দাপ্তরীকভাবে অনেক কর্মকর্তা ও কর্মচারীর সরাসরি সংশ্লিষ্টতার দরুন সনদের সত্যতা যাচাই কার্যক্রমটি সম্পন্ন করতে অনেক সময়ের প্রয়োজন হচ্ছে। খুব সহজেই শুধুমাত্র একান্তভাবে অপরিহার্য কর্মকর্তাদের সংশ্লিষ্টতায় দাপ্তরীক অনেক গুলো ধাপ কমিয়ে অধিকতর স্বল্প সময়ে এ সেবাটি প্রদান করা যাবে। সে সাথে প্রশিক্ষণার্থিদের একটি ডাটাবেজ তৈরী করে খুব সহজেই অধিক নির্ভরতা ও স্বচ্ছতার সাথে সেবাটি প্রদান করা সম্ভব। | | | | |
| ০৭. | ডিজিটাল আইডিয়া:<br><br>আইডিয়াটি শিরোনাম:<br>চ্যাটবট ব্যবহার করে ফেসবুক মেসেঞ্জারের মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা প্রদান।<br><br>আইডিয়াটি ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ বাস্তবায়ন করা হয়। | বাংলাদেশ পর্যটন করপোরেশনের নিজস্ব ফেসবুক লিংকে বিচরণের সময় তার অনেক প্রশ্ন মনে আসতে পারে, যার উত্তর তার পক্ষে তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয় না। সংস্থার নিজস্ব ফেসবুক পেইজের মেসেঞ্জার অপশনে উপরিবর্ণনা মোতাবেক চ্যাটবট সংযোজন করা যেতে পারে। এ চ্যাটবট সংযোজনের ক্ষেত্রে বাংলাদেশ পর্যটন করপোরশনের কোন আর্থিক সংশ্লেষ নেই। বরং বিনা আর্থিক সংশ্লেষে একটি বিশ্বমানের সেবা সংযোজনের মাধ্যমে সেবাগ্রহীতাদের নিকট নতুনভাবে বাংলাদেশ পর্যটন করপোরেশনকে উপস্থাপনের সুযোগ রয়েছে। | | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে উল্লেখ্য<br><br># ধারনাটি বর্তমান সময়ে দেশী আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান হতে সেবাটি পাওয়া যাচ্ছে এবং দিন দিন তা জনপ্রিয়তা লাভ করছে।<br># বিশেষভাবে ইন্টারন্যাট ব্যবহার করে বিভিন্ন সেবা প্রাপ্তির তথ্য প্রদান সহ অনেক বিষয়ে তাৎক্ষণিকভাবে এর থেকে তথ্যসহ সার্বিক সহযোগীতা দেয়া সম্ভব হচ্ছে।<br># প্রস্তাবিত আইডিয়ার মাধ্যমে অতি অল্পসময়ে | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



২৬/০৯/২০২৩
সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বিনা ব্যয়ে কোনরকম কোন ভ্রমণ ব্যতিরেকে মানসম্মত তথ্য সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।<br><br># বাংলাদেশ পর্যটন করপোরেশনের ফেসবুক পেইজে মেসেঞ্জার অপশনের মাধ্যমে চ্যাটবট সংযোজন করে স্বয়ংক্রিয়ভাবে সাধারণ জিজ্ঞাস্যসমূহের উত্তর প্রদানের মধ্যমে মাত্র কয়েক সেকেন্ডের মধ্যে বিনামূল্যে বিনা ভিজিটে মানসম্পন্ন উপায়ে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning
Bangladesh Parjatan Corporatio

২৬/৯/২০২৩

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৮. | উদ্ভাবনী আইডিয়া<br>আইডিয়ার শিরোনাম:<br>পর্যটন ভবনের রুফটপ রেস্তোরাঁর সার্ভিস অনলাইন প্রচার প্রচারণা।<br><br>আইডিয়াটি ১৬ মার্চ ২০২২ বাস্তবায়ন করা হয়। | বাংলাদেশ পর্যটন করপোরেশ-এর আগারগাঁস্থ নবনির্মিত ভবনের রুফটপে আধুনিক মানের সকল ধরনের সুবিধাদি সম্বলিত নান্দনিক অভ্যন্তরীন ও পারিপার্শিক সৌন্দর্য মন্ডিত পরিবেশে রেস্তোরাঁটি স্থাপন করা হয়। আশেপাশে অবস্থিত সকল সরকারি দপ্তরে কর্মরত জনবল, আশপাশে অবস্থিত শ্যামলী, মিরপুর, মোহাম্মদপুর, ধানমন্ডি আবাসিক এলাকাকে কেন্দ্র করে বসবাসরত অধিবাসিদের পারিবারিক, দাপ্তরীক ও বিভিন্ন অনুষ্ঠানাদি আয়োজনে খাদ্যের গুণগতমান বজায় ও স্বাস্থ্য সম্মত খাবার ও উন্নতমানের সার্ভিস উপহার দেয়ার লক্ষ্যে প্রধানত: বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর নিজস্ব ব্যবস্থাপনায় রেস্তোরাঁটির কার্যক্রম শুরু করা হয়। রুফটপ রেস্তোরাঁর ডিজিটাল প্রচারণার অংশ হিসাবে একটি পৃথক, সমৃদ্ধ ও বর্ণাঢ্য ওয়েবসাইট খোলা হয়েছে। প্রাথমিক পর্যায়ে এ ওয়েবসাইট হতে রুফটপ রেস্তোরা হতে বর্তমান প্রদত্ত সকল সার্ভিস বিষয়ক বিস্তারিত তথ্যাদি প্রদান ও প্রাপ্তি সম্ভব হচ্ছে। আগামী দিনগুলোতে এ ওয়েবসাইট আরও ব্যাপক পরিসরে সমৃদ্ধ ও যুগোপযোগী করার পরিকল্পনা রয়েছে।<br><br># বর্তমান ডিজিটাল প্রেক্ষাপট বিবেচনায় বর্তমান সার্ভিসের পাশাপাশি অনলাইন সেবা চালু করা হলে যুগের সাথে তাল মিলানোর পাশাপাশি অধিক হারে প্রচার প্রচারণা বৃদ্ধি পাবে। ফলশ্রুতিতে বাংলাদেশ পর্যটন করপোরেশনের আধুনিক ও উন্নতমানের সেবা প্রদানের বিষয়টি বৃহৎ আকারে প্রচারিত হবার সুযোগ সৃষ্টি হবে। | হ্যাঁ<br>আইডিয়াটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ তাঁদের প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। সে সাথে উল্লেখ্য<br><br># বর্তমানে পারিপার্শিক সার্বিক বিবেচনায় লক্ষ্য করা গেছে যে, রেস্তোরাঁটিতে উচ্চমানের খাবার গ্রহনের চাহিদা রয়েছে;<br># সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থা থেকে আগত অতিথিবৃন্দ পার্টি দেয়ার জন্য উন্নতমানের খাবার নিতে আগ্রহ প্রকাশ করেছেন। | restaurant.gov.b | - |

২৬/০৯/২০২৩
Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



২৬/০৯/২০২৩
সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৯. | ডিজিটাল আইডিয়ার শিরোনাম: মিটিং ম্যানেজমেন্ট সিস্টেম। আইডিয়াটি ৩০ এপ্রিল ২০২৩ তারিখ বাস্তবায়ন করা হয়। | বাংলাদেশের পর্যটন করপোরেশন সৃষ্টিলগ্ন হতে দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশে কাজ করছে। সংস্থার দাপ্তরিক কাজ সম্পাদনে সংস্থার অভ্যন্তরীন বিভিন্ন শাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় ও জাতীয় সংসদ বিষয়ক স্থায়ী কমিটি'র বিভিন্ন সভা ও সেমিনারে সংস্থার সম্মানীত চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন। ফলে প্রায়শই দেখা যায় যে, একই সময়ে সংস্থার অভ্যন্তরীনসহ অন্যান্য দপ্তরের সভা একই দিন ও সময়ে আহবান করা হচ্ছে বা একটি সভা আহবানের জন্য দিনক্ষণ নির্ধারনে বিভিন্ন দপ্তরে খোঁজ খবর নিয়ে তারপর দিনক্ষণ নির্ধারন করতে হচ্ছে যা দাপ্তরীকভাবে সমস্যা ও জটিলতার সৃষ্টি করছে।<br><br>সংস্থার নিজস্ব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় ও সরকারের গুরুত্বপূর্ণ অন্যান্য বিভাগের আহবানকৃত সভার দিনক্ষণ সভার নোটিশের অনুলিপিসহ ডিজিটালি সংস্থার ওয়েবসাইটের ইভেন্ট ক্যালেন্ডারের মাধ্যমে খুব সহজেই জানার নিমিত্ত 'মিটিং ম্যানেজমেন্ট সিস্টেম' শিরোনামে আইডিয়াটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। আইডিয়াটি বাস্তবায়নের ফলে সংস্থার নিজস্বসহ সংশ্লিষ্ট অন্যান্য সভা আহবান ও সভা সুষ্ঠুরূপে সম্পাদনে জটিলতার অবসান করণ সম্ভব হচ্ছে। ভবিষ্যতেও এ জাতীয় জটিলতা অবসানের লক্ষ্যে সংস্থার চেয়ারম্যান শাখা, পরিচালকগণের শাখাসহ অন্যান্য শাখা কর্তৃক আয়োজিত সভার নোটিশের অনুলিপি, সে সাথে প্রশাসনিক মন্ত্রণালয় ও সরকারের অন্যান্য মন্ত্রণালয় এবং বিভাগের সভা আহবানের নোটিশের একটি অনুলিপি যথাসময়ে আইসিটি শাখায় প্রেরণ করা হচ্ছে এবং সাথে সাথে মিটিং ম্যানেজম্যান্ট সিস্টেম এর ইভেন্ট ক্যালেন্ডারে অন্তর্ভূক্ত করা হচ্ছে। | হ্যাঁ আইডিয়াটি কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাওয়া যাচ্ছে। | - | - |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation



সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন